**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**15 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় মণিপুরের নতুন আরো ছ'টি পুলিশ থানার অন্তর্গত এলাকা সমূহকে উপদ্রুত অঞ্চল ঘোষণা করে ঐসব এলাকাকে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইনের আওতায় নিয়ে এসেছে । উল্লেখ্য- এর আগে রাজ্যের ১৯টি পুলিশ থানার আওতাধীন এলাকাকে এই আইনের আওতার বাইরে রাখা হয়েছিল । সম্প্রতি মণিপুরের জিরিবাম জেলার ঝাকরাডহর এলাকায় সি আর পি এফ এবং সন্দেহভাজন কুকি উগ্রপন্থীদের মধ্যে সংঘর্ষ ও সাধারণ জনতার উপর আক্রমণের ঘটনার পরবর্তীতে সরাষ্ট্র মন্ত্রণালয় মণিপুরে অতিরিক্ত কুড়ি কোম্পানি আধাসামরিক বাহিনী পাঠায় এবং এরপরেই কেন্দ্র এই সিদ্ধান্ত নেয় । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- যে নিরাপত্তা পরিস্থিতির বিষয়ে পর্যালোচনার পর এই ১৯টি পুলিশ থানাকে পুনরায় এই আইনের আওতায় নিয়ে আসা হয়েছে। উল্লেখ্য- আগামী বছরের ৩১শে মার্চ পর্যন্ত এই আদেশ কার্যকর থাকবে ।

কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চল গত এক দশকে ব্যাপক উন্নয়নমূলক কাজকর্ম প্রত্যক্ষ করেছে । আইজলে গতকাল অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় ডোনার মন্ত্রী একথা উল্লেখ করে বলেন যে এন ডি এ সরকারের মূল লক্ষ্য হলো উত্তর-পূর্বকে ভারতীয় অর্থনীতির উন্নয়নের চালিকা শক্তি হিসেবে রূপান্তরিত করা । তিনি আরো বলেন যে উত্তর-পূর্বাঞ্চল ভারতীয় উপমহাদেশে সব দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির প্রবেশ দ্বার হওয়ায় ভারতের উন্নয়নের গতিতে উত্তর-পূর্বকে অবশ্যই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে । শ্রী সিন্ধিয়া বলেন যে এই অঞ্চলটি এন ডি এ সরকারের অধীনে পরিকাঠামো এবং মানব সম্পদ উভয় ক্ষেত্রেই ব্যাপক উন্নয়নের সাক্ষী হয়েছে । সড়ক থেকে মহাসড়ক থেকে বিমানবন্দর পর্যন্ত গত ১০ বছরে এই অঞ্চলের অভূতপূর্ব উন্নয়ন হয়েছে বলে কেন্দ্রীয় ডোনার মন্ত্রী মন্তব্য করেন । উত্তর-পূর্বে আজ ১৭ টি বিমানবন্দর রয়েছে এবং অদূর ভবিষ্যতে এই অঞ্চলের সব রাজ্য রেলপথ দ্বারা সংযুক্ত হবে বলেও তিনি উল্লেখ করেন ।

---

সমগ্র দেশে আজ ধর্মীয় আচার অনুষ্ঠান এবং উৎসাহ উদ্দীপনায় গুরুনানাক জয়ন্তী বা গুরুপরব পালন করা হচ্ছে ।শিখ ধর্মের ভিত স্থাপন করা প্রথম শিখগুরু গুরুনানক দেবজীর জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে এই দিবস পালন করা হয় ।এবছর গুরুনানক দেবের ৫৫৫ তম জয়ন্তী পালন করা হচ্ছে ।এই দিনটিতে বিশ্বের বিভিন্ন প্রান্তে বসবাসরত শিখ ধর্মাবলম্বীরা বিশেষ প্রার্থনা করেন । গুরুনানক জয়ন্তী উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রফদী মূর্মু ও উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি এক বার্তায় দেশবিদেশে বসবাসরত সকল ভরাতীয় বিশেষ করে শিখ

সম্প্রদায়ের লোকেদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।রাষ্ট্রতি এক বার্তায় বলেন যে গুরুনানকজী প্রেম ভ্রাতৃত্ববোধ ,সত্য ও ত্যাগের ওপর গুরুত্ব আরোপ করেছেন এবং তাঁর শিক্ষা জনসাধারণকে নৈতিক মূল্যবোধের পথ দেখিয়ে আসছে ।
উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর তাঁর বার্তায় বলেন যে গুরুনানকের জীবন জ্ঞানের আলোকস্বরূপ এবং তাঁর জীবন মানব সেবার বার্তা বহন করে ।

---

ঐতিহ্যবাহী বরম বাবার মেলা গতকাল থেকে শিলকুড়িতে আরম্ভ হয়েছে । শিলচর রামকৃষ্ণ মিশনের স্বামী গুণাতীতানন্দজী মহারাজ ফিতা কেটে ৮৩ তম এই মেলার সূচনা করেন । তিনদিনব্যাপী এই মেলার উদ্বোধনী অনুষ্ঠানে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য, করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ, লক্ষ্মীপুরের বিধায়ক কৌশিক রাই, বরাক চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রাজদীপ গোয়ালা, শিলকুড়ি চাবাগানের ম্যানেজিং ডিরেক্টর এন কে বাগলা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । এদিকে মেলায় বরাক উপত্যকার বিভিন্ন প্রান্ত থেকে দোকানীরা পসরা নিয়ে এসেছেন । মেলা চত্বরে ছোটদের জন্যে বিভিন্ন খেলাধূলার সামগ্রীর পাশাপাশি নানা স্থান থেকে আসা সাধু-সন্তদের ভীড়ও পরিলক্ষিত হয়েছে । উল্লেখ্য- এই ক'দিন পূজো দেওয়ার জন্য মন্দির ভোর চারটে থেকে রাত দশটা পর্যন্ত খোলা থাকবে বলে মন্দির কর্তৃপক্ষ জানিয়েছেন ।

---

করিমগঞ্জের জেলা কৃষি আধিকারিক এক বিজ্ঞপ্তিতে চলতি বছরের নভেম্বর মাস থেকে সরকার কর্তৃক কৃষকদের উৎপাদিত শাইল ধান কুইন্টাল প্রতি

২ হাজার ৩০০ টাকা করে ক্রয়ের জন্য আবেদন আহ্বান করেছেন । এতে কৃষকদের এই প্রকল্পের সুবিধা গ্রহণ করার জন্য আধার কার্ড ,ভোটার পরিচয়পত্রের ফটোকপি ,ব্যাঙ্ক একাউন্টের ফটোকপি , চাষের মাটির নথি ,পাসপোর্ট সাইজের দুকপি ফটো ও মোবাইল নম্বর সহ করিমগঞ্জের জেলা কৃষি আধিকারিকের কার্যালয় ,রামকৃষ্ণনগরের মহকুমা কৃষি আধিকারিকের কার্যালয় ,কৃষি উন্নয়ন আধিকারিক অথবা স্থানীয় কৃষি সম্প্রসারণ সহায়কের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ পৌরসভার পুরাতন কার্যালয় ভবনে থাকা ব্যাবহারের অযোগ্য সামগ্রী বিক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে । দরপত্র আগামী ২০ শে নভেম্বর বেলা দুটো পর্যন্ত করিমগঞ্জ পৌরসভা কার্যালয়ে জমা দেওয়া যাবে । বিস্তারিত বিবরণ করিমগঞ্জ পৌরসভা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---

হাইলাকান্দি পুলিশ এবং  কাশিপুর সি আর পি এফের ১৪৭ নম্বর ব্যাটেলিয়ন গোপন তথ্যের ভিত্তিতে যৌথ অভিযান চালিয়ে ১০ কেজি ৩০০ গ্রাম গাঁজা সহ এক পাচারকারীরে আটক করেছে ।ধৃত ব্যাক্তির নাম পিন্টু শর্মা । জব্দ করা গাঁজার বাজার মূল্য আনুমানিক দু লক্ষ টাকা বলে পুলিশ জানিয়েছে ।এই গাঁজা পাচারের ঘটনায় কারা জড়িত রয়েছে সে বিষয়ে তদন্ত অব্যাহত রয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে দ্বিতীয় পর্যায়ের খাজনা আদায়ের শিবির আগামীকাল থেকে শুরু হবে । হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ১৬ , ১৮ , ১৯ এবং ২০ শে নভেম্বর মাটিজুরি-পাইকান জি পি কার্যালয়ে পূর্বকিত্তারবন্দ জিপি কার্যালয়ে ,দক্ষিণ হাইলাকান্দি ডেভেলাপমেন্ট ব্লক কার্যালয় এবং কালিনগর জি পি কার্যালয়ে খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া পরবর্তী শিবিরগুলি ২১ , ২২ ,২৫ এবং ২৬ নভেম্বর শিরিশপুর জি পি কার্যালয়ে ,আয়মাকাল জি পি কার্যালয়ে ,জামিরা জি পি কার্যালয়ে এবং পাঁচগ্রাম জি পি কার্যালয়ে অনুষ্ঠিত হবে । পাট্টাদারদের তাদের নিকটবর্তী খাজনা আদায় শিবিরে নিজেদের জমির খাজনা জমা দিতে হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয়েছে ।

---

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx